

**ফেডারেল হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে
বিএইচএমএস কোর্স চাই**

ঢাকা শহরের প্রাণকেন্দ্র ফার্মগেটে অবস্থিত ফেডারেল হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ যা ১৯৫১ সাল থেকে বাংলাদেশে মানসম্পন্ন হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা দিয়ে আসছে। শিক্ষকদের অক্লান্ত পরিশ্রম ও দক্ষ ব্যবস্থাপনা এবং শিক্ষার্থীদের আন্তরিক চেটায় প্রতিবছর এ কলেজ থেকে উল্লেখযোগ্য সংখ্যক ছাত্র-ছাত্রী হোমিওপ্যাথিক বোর্ডের মেধা তালিকায় স্থান দখল করে। প্রতিবছর এ কলেজ থেকে প্রায় ৫০০ (দ্বিবা ও নৈশ) ছাত্র-ছাত্রী ডিএইচএমএস শেষে ইটালী সম্পন্ন করে দেশে পার্শ্ব প্রতিষ্ঠান মূক্ত চিকিৎসা দিয়ে মানবজাতির সেবা করছে। কলেজে শিক্ষক এবং শিক্ষার মান নিয়ে কোন প্রশ্নের অবকাশ নেই। সুপরিমিত শ্রেণীকক্ষ, আধুনিক এবং দুর্লভ বই দিয়ে সাজানো সুবিশাল লাইব্রেরী ছাড়াও আছে আধুনিক ল্যাবরেটরী যা শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞানের চাহিদা পূরণে সক্ষম। এছাড়া আছে একটি আধুনিক হাসপাতাল যেখানে বিনামূল্যে রোগীদের চিকিৎসা দেয়া হয়ে থাকে। হাসপাতালের ক্যাম্পাস ওয়ার্ড বর্তমানে উদ্বোধনের অপেক্ষায়। এ জন্য প্রয়োজন উচ্চ শিক্ষিত চিকিৎসক। কিন্তু ডিএইচএমএস (ডিগ্রোয়া) ইন হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী শেষে কলেজে উচ্চশিক্ষার কোন সুযোগ নেই। এমতাবস্থায় এই কলেজে বিএইচএমএস (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্স চালু করলে

একদিকে যেমন কলেজের শিক্ষার্থীদের কাঙ্ক্ষিত জ্ঞানের পিপাসা নিবারণিত হবে, অন্যদিকে তেমনি কম বরচে সাধারণ মানুষের উন্নত চিকিৎসা নিশ্চিত হবে। তাই অবিলম্বে ফেডারেল হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ বিএইচএমএস কোর্স চালু করতে সংশ্লিষ্ট সকলের সমন্বিত উদ্যোগ কামনা করছি।

মোহাম্মদ ম, সজোন, ফকরুল, মোমেনা, আসমা;
সাল্লাউদ্দিন, নাসিমা, গীতশ্রী ও অন্যান্য ছাত্রছাত্রী